

মার্চ/২০২২ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখ : ১৩/০৩/২০২২ খ্রি. সকাল ১১.৩০ ঘটিকায়
সভাপতি : মোঃ শরিফুল ইসলাম সরকার, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।
উপস্থিতি তালিকা : পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১. আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি সভাকরণ

সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।


২. আলোচনা : স্টরয়েড নামক ট্যাবলেটের ব্যবহারহ্রাস

সিদ্ধান্ত : কিছু গরু ব্যবসায়ী বেশি মুনাফার আশায় গরুকে স্টরয়েড নামক ট্যাবলেট খাওয়ায়। এতে গরু মোটা এবং তাজা হয় এবং এনে ক্রেতার নিকট বিক্রয় করে। এসব ট্যাবলেট ব্যবহার করা থেকে ব্যবসায়ীদের বিরত রাখতে সকল চেয়ারম্যানদের অনুরোধ জানানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. আলোচনা : জাটকা আহরণ, ক্রয়-বিক্রয়

সিদ্ধান্ত : মার্চ ও এপ্রিল ~~মাস~~ নদীতে জাটকা ধরা, মারা, সংরক্ষণ, পরিবহন ও বিক্রয় নিষিদ্ধ রয়েছে। এ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সভাপতি ১৩/৩/২২

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি


গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

তারিখ : ১৩/০৩/২০২২ খ্রি.

স্মারক নং-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. অফিস কপি।


সদস্য সচিব

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক

কমিটি

গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।